

# বোরো ধানে ব্লাস্ট রোগ দমনে জরুরী বার্তা

বর্তমানে দেশের বেশীর ভাগ বোরো ধান কাইচ খোড়-ফুল আসা অবস্থায় আছে এবং দেশের কিছু কিছু অঞ্চল থেকে ব্লাস্ট রোগে আক্রান্ত ধানের খবর আসছে। অতিদ্রুত বাতাস ও গুড়ি গুড়ি বৃষ্টির মাধ্যমে ছড়িয়ে পড়ে নেক ব্লাস্ট বা শীষ ব্লাস্ট হিসাবে ধানের ব্যাপক ক্ষতি করতে পারে।



পাতা ব্লাস্টের লক্ষণ



এমতাবস্থায় ব্লাস্ট রোগ দমনে কৃষক ভাইদের করণীয়:-

- ১। সম্ভব হলে দাঁড়ানো জমিতে পানি ধরে রাখা।
- ২। পাতা ব্লাস্ট দেখা দিলে জমিতে ছত্রাকনাশক নেটিডো, ট্রপার বা অ্যাজোক্সিসট্রবিন ছত্রাকনাশক স্প্রে করুন।
- ৩। গুড়ি গুড়ি বৃষ্টি সঙ্গে ঝড়ো বাতাস আবহাওয়ার পূর্বাভাস বিবেচনায় কৃষক ভাইদের জমিতে লবন সহনশীল, হাইব্রিড, সুগন্ধি ও ব্রি ধান-২৯ খোড়-ফুল ফোটা অবস্থায় থাকে তবে অবশ্যই উল্লেখিত ছত্রাকনাশক প্রিভেনটিভ হিসাবে স্প্রে করতে হবে।
- ৪। নিয়মিত মাঠ পরিদর্শন করুন।

(পরিচালক গবেষণা)

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)  
গাজীপুর।